

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর।

<http://bagherpara.jessore.gov.bd/>

প্রশিক্ষণের বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে ২০২১-২০২২ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা প্রশাসন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাঘারপাড়া, যশোর এর তত্ত্বাবধানে উপজেলা পর্যায়ে প্রতিব্যাচে ২০ (বিশ) জন প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ৩০ (ত্রিশ) দিনব্যাপী আউটসোর্সিং প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাধীনে প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বিজ্ঞপ্তির ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাবলী	০১.০৪.২০২২ খ্রিঃ তারিখে বয়স	আসন সংখ্যা
১	বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানের জন্য ফ্রি-ল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ	এস.এস.সি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	১। বেসিক আইসিটি, ইন্টানেট ব্রাউজিং দক্ষতা এবং ফটোশপের দক্ষতাকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে। ২। ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণে ইচ্ছুক এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। ৩। প্রশিক্ষণার্থীর অবশ্যই ল্যাপটপ, মাল্টিপ্লাগ, মডেম ইত্যাদি থাকতে হবে।	সর্বোচ্চ ৪০ বছর	২০ জন
২	বেসিক কম্পিউটিং ও গ্রাফিক্স ডিজাইন বিষয়ক প্রশিক্ষণ	এস.এস.সি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	১। বেসিক টাইপিং, ইন্টানেট ব্রাউজিং দক্ষতা এবং ফটোশপের দক্ষতাকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে। ২। প্রশিক্ষণার্থীর অবশ্যই ল্যাপটপ, মাল্টিপ্লাগ, মডেম ইত্যাদি থাকতে হবে।	সর্বোচ্চ ৪০ বছর	২০ জন

প্রশিক্ষণার্থীর সংখ্যা	আবেদন জমার শেষ তারিখ ও সময়	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	প্রশিক্ষণের তারিখ	প্রশিক্ষণের সময়	প্রশিক্ষণের স্থান
প্রতি ব্যাচে ২০ জন করে মোট ৪০ জন	২৭/০৪/২০২২ খ্রিঃ বিকাল ০৫:০০ টা	০৯/০৫/২০২২ খ্রিঃ সকাল ১০:৩০ টা	পরবর্তীতে জানানো হবে	পরবর্তীতে জানানো হবে	পরবর্তীতে জানানো হবে

নির্দেশনাবলিঃ

১। একজন কেবলমাত্র একটি প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবেন।

২। আবেদনকারীকে উপজেলা প্রশাসন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাঘারপাড়া, যশোর এর ওয়েবসাইট

(<http://bagherpara.jessore.gov.bd/> ও <http://doict.bagherpara.jessore.gov.bd/>) হতে নির্ধারিত ফরম ডাউনলোড করে

কম্পিউটার কম্পোজ /হাতে লিখে স্বাক্ষরসহ সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজ রঞ্জন ছবি (ছবির পিছনে নামসহ) শিক্ষাগত যোগ্যতার

সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং স্থানীয় চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের কপি সংযুক্ত করে আগামী

২৭/০৪/২০২২ খ্রিঃ তারিখে বিকাল ৫.০০ টার মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপাড়া, যশোর অথবা উপজেলা তথ্য ও যোগাযোগ

প্রযুক্তি কার্যালয়, বাঘারপাড়া, যশোর -এ হাতে হাতে (মোঃ মামুন হোসেন, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর) জমা

করতে হবে।

৩। মৌখিক পরীক্ষা উক্ত সময়ানুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপাড়া, যশোরে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের সময় আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল মূল সনদ পত্র নিয়ে আসতে হবে। মৌখিক পরীক্ষা শেষে ১০/০৫/২০২২ খ্রিঃ তারিখেই ফলাফল জানানো হবে।

৪। আবেদনকারীর কম্পিউটার পরিচালনার উপর যেকোন ধরনের প্রশিক্ষণের সার্টিফিকেট থাকতে হবে।

৫। প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট ও সম্মানী প্রদান করা হবে।

৬। দূরবর্তী প্রশিক্ষণার্থীদের নিজ ব্যবস্থাপনায় থাকা খাওয়ার ব্যবস্থা করতে হবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আ.ন.ম আবুজর গিফারী
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর